দৈনিক সংবাদ

তারিখ ... ১২.০৯.৯১

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

৬

87

# আজ কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

কুমিল্লা, ১১ই সেপ্টেম্বর (জেলা বার্তা পরিবেশকের ফোন)।— আগামীকাল বৃহস্পতিবার কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। বোর্ডের আওতাধীন ১৫টি জেলায় ১শ' ২৮টি কেন্দ্রে ৬৭ হাজার ৫শ' ৭৭ জন পরীক্ষার্থী এ পরীক্ষায়

কুমিল্লা বোর্ড ঃ পৃঃ ১২ কঃ ১

## কুমিল্লা বোর্ড ঃ আজ পরীক্ষা

(১ম পাতার পর)

অংশ নিচ্ছে। এর মধ্যে ৫০ হাজার ৫শ' ১০ জন ছেলে ও ১৭ হাজার ৬৭ জন মেয়ে। বিভাগওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা ঃ মানবিক বিভাগে ৩৫ হাজার ৪শ' ৪৬ জন, বিজ্ঞান বিভাগে ১৮ হাজার ২শ' ৩ জন, বাণিজ্য বিভাগে ১৩ হাজার ৬শ' ৯৫ এবং কৃষি বিজ্ঞান বিভাগে ২শ' ২৩ জন।

কুমিল্লা জেলার ১২টি উপজেলার মোট ১৭টি কেন্দ্রে ১৪ হাজার ৩শ' ৩৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। জেলা প্রশাসন সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। এছাড়া প্রশ্নপত্র ফাঁসের ঘটনা যাতে না ঘটে সে জন্য পুলিশ ও গোয়েন্দা বিভাগকে সতর্ক রাখা হয়েছে।